



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনএসডিসি সচিবালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নং:- ৪০.০৫.০৩.০২৪.০৭.০০.০৫৪.২০১৭/২৭

তারিখঃ ২১ পৌষ ১৪২৪
০৪ জানুয়ারি ২০১৮


বিষয়ঃ জুট সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল (আইএসসি) গঠনের লক্ষ্যে ২য় প্রস্তুতিমূলক সভায় আমন্ত্রণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ এর রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে কর্মোপযোগী জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে পরিণত করতে হবে। শিল্প খাতের চাহিদার নিরীখে এই দক্ষ জনশক্তির প্রশিক্ষণ প্রদান করা হবে যাতে করে দেশে-বিদেশে প্রতিযোগিতামূলক শ্রমবাজারে টিকে থাকতে পারে এবং নিজেদের খাপ খাওয়াতে পারে। ইতোমধ্যে ১২টি শিল্পখাতে ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল (আইএসসি) গঠন করা হয়েছে এবং এই আইএসসিগুলো তাদের সেক্টরে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে Standard তৈরি, CBLM তৈরি, প্রশিক্ষণ, মূল্যায়ন, Workshop, Seminar আয়োজন ইত্যাদিতে ভূমিকা পালন করছে।

০২। ১০ অক্টোবর ২০১৭ তারিখ এসএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে জুট সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল (আইএসসি) গঠনের লক্ষ্যে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল গঠনের প্রক্রিয়া, ইন্ডাস্ট্রি সেক্টর তথা জাতীয় অর্থনীতিতে এর গুরুত্ব, ইন্ডাস্ট্রি সেক্টর কিভাবে ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল গঠনের মাধ্যমে উপকৃত হতে পারে, ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিলের কার্যপরিধি এবং সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রীর জুট সেক্টরের ওপর ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল গঠনের নির্দেশনা ইত্যাদি বিষয়ের ওপর একটি সংক্ষিপ্ত বিবরণ এনএসডিসি সচিবালয়ের পক্ষ থেকে উপস্থাপন করা হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)। পাট ও পাট থেকে উৎপাদিত পণ্য বাংলাদেশের একটি অন্যতম রপ্তানিখাত। এই শিল্প সেক্টরে লক্ষ লক্ষ লোক কর্মে নিয়োজিত আছে। কিন্তু তেমন কোন আধুনিক প্রশিক্ষণের সুযোগ নেই বিধায় উৎপাদনশীলতা কমে যাচ্ছে। জুট সেক্টরে দক্ষ জনবল তৈরির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, গুণগত মান, পণ্যে উন্নয়ন ও বহুমুখীকরণে প্রস্তুত জুট সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস্ কাউন্সিল (আইএসসি) গঠন করা দরকার।

০৩। এই লক্ষ্যে আগামী ১০ জানুয়ারি ২০১৮ বিকাল ৩:০০ ঘটিকায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষ (টেলিকম ট্রেনিং সেন্টার, ২য় তলা, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮) এবিএম খোরশেদ আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে এক সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থেকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক (যুগ্মসচিব)
এনএসডিসি সচিবালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মো: শামছুজ্জোহা, সভাপতি, বাংলাদেশ জুট মিলস্ এ্যাসোসিয়েশন, ১১৫-১২০ আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২. জনাব এ বারেক খান, সেক্রেটারী, বাংলাদেশ জুট মিলস্ এ্যাসোসিয়েশন, ১১৫-১২০ আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. জনাব মো: মাহাবুবুর রহমান পাটোয়ারী, নির্বাহী কমিটির সদস্য, বাংলাদেশ জুট মিলস্ এ্যাসোসিয়েশন, ১১৫-১২০ আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪. জনাব মোহাম্মদ শাহজাহান, চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স এ্যাসোসিয়েশন, ৫৫ পুরানা পল্টন (৪র্থ তলা), ঢাকা-১০০০।

